

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ আগস্ট, ১৪২০ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ২১৭-আইন/২০১৩/২৪৫৭/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 25 এর sub-section (3) এ অন্তর্ভুক্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৩ জৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৪৯-আইন/২০১৩/২৪৩৬/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের -

(ক) শর্ত ১ এর পর নিম্নবর্ণিত ব্যাখ্যা সন্তুষ্টিশীল হইবে, যথা :-

“ব্যাখ্যা :- সংশ্লিষ্ট মোটর গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ উল্লেখ না থাকিলে যে মাসে গাড়িটি প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছিল সে মাসের পরবর্তী মাসের প্রথম তারিখকে এর উদ্দেশ্য পূরণকালে রেজিস্ট্রেশনের তারিখ হিসাবে গণ্য করিতে হইবে।”

(খ) শর্ত ২ ও ব্যাখ্যা এর পরিবর্তে নিম্নরূপ শর্ত ২ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“২। অবচয় প্রদানের উদ্দেশ্যে বয়স গণনার ক্ষেত্রে, সংশ্লিষ্ট গাড়ির চেসিস (Chassis) বুকে লিপিবদ্ধ তৈরি সনের পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গাড়ির জাহাজীকরণের দিন পর্যন্ত সময়কে গণনা করিতে হইবে।”

তবে শর্ত থাকে যে, উক্ত অবচয় প্রদানের উদ্দেশ্যে এক বৎসরের অধিক পুরাতন গাড়ির বয়স গণনার ক্ষেত্রে ৬ (ছয়) মাসের অধিক হইলে পরবর্তী পূর্ণ বৎসর হিসাবে গণ্য করিতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম হোসেন)

সচিব।